



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখঃ ২১ জুন ২০২২
০৭ আষাঢ় ১৪২৯

প্রেস রিলিজ

আজ ২১ জুন ২০২২ খ্রিঃ (মঙ্গলবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক “পোল্ট্রি ফিড, পশুখাদ্য ও মৎস্য খাদ্য বাজার সম্পর্কে সমীক্ষার চূড়ান্ত প্রতিবেদন বিষয়ে ভ্যালিডেশন সেমিনার” কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী। সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়াও সেমিনারে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, কমিশনের উপদেষ্টা জনাব খালেদ আবু নাহের, জনাব মোহাম্মদ জাফরুল ইসলাম আজিজ, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ড. মোঃ আবু সুফিয়ান, পরিচালক, প্রাণিসম্পদ গবেষণা অধিদপ্তর, ড. মোঃ রাকিবুল হাসান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, জনাব আতিয়া সুলতানা, উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জনাব মোঃ আতাউর রহমান খাঁন, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস অধিদপ্তর, জনাব রুমা আক্তার, দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, জনাব মোঃ আরিফুল ইসলাম, নির্বাহী, ফিড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন বাংলাদেশ এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

দেশের পোল্ট্রি ফিড, পশুখাদ্য ও মৎস্য খাদ্য বাজার সম্পর্কে সার্বিক বিষয়ে সেমিনারে পর্যালোচনা করা হয়। সেমিনারে পোল্ট্রি ফিড, পশুখাদ্য ও মৎস্য খাদ্য বাজার সম্পর্কে চূড়ান্ত সমীক্ষা প্রতিবেদন উপস্থাপন করেন কমিশন কর্তৃক পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে গঠিত দল-০১ এর আহবায়ক ও কমিশনের পরিচালক জনাব মোঃ সালাহউদ্দিন আহাম্মদ।

স্বাক্ষরিত
(শেখ রুবেল)
জনসংযোগ কর্মকর্তা
টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২
ই-মেইল :shekhRubeldu@gmail.com